# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৮১

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ (১) বিভিন্ন দুর্ঘটনা ও অসুস্থতায় ধৈর্যধারণ ও তার প্রতিদান সম্পর্কিত বর্ণনা - মানুষের জন্য ওয়াজিব হলো ভাগ্যের ফায়সালার প্রতি সন্তুষ্ট থাকা

## 1 ـ بَابُ مَا جَاءَ فِي الصَّبْرِ وَثَوَابِ الْأَمْرَاضِ والأعراض ـ ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنْ لُزُومِ الرِّضَا بِالْقَضَاءِ

আরবী

2881 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ حَدَّثَنَا عِيسَى بْنُ حَمَّادٍ أَخْبَرَنَا اللَّيْثُ بْنُ سَعْدٍ عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ عَنْ عُمَرَ بْنِ كَثِيرِ بْنِ أَفْلَحَ عَنْ عُبَيْدٍ سَنُوطَا عَنْ خَوْلَةَ بِنْتِ قَيْسٍ قَالَتْ: أَتَانَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَرَّبْتُ إِلَيْهِ طَعَامًا فَوَضَعَ يَدَهُ فِيهِ فَوَجَدَهُ حَارًّا فَقَالَ: (حَسِّ) وَقَالَ: (ابْنُ آدَمَ إِنَّ أَصَابَهُ بردٌ قَالَ: حَسِّ وَإِنَّ أَصَابَهُ حرٌّ قَالَ: حَسِّ) ثُمَّ تَذَاكَرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَحَمْزَةُ بْنُ عَبْدِ الْمُطَّلِبِ الدُّنْيَا فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (الدُّنْيَا خَضِرَةٌ حُلْوَةٌ فَمَنْ أَخَذَهَا بِحَقِّهَا بُورِكَ لَهُ فِيهَا ورُبَّ مُتَخَوِّضٍ فِيمَا شَاءَتْ نَفْسُهُ فِي مَالِ اللَّهِ وَمَالِ رَسُولِهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَهُ النار يوم القيامة)
الراوي : خَوْلَةَ بِنْتِ قَيْسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2881 | خلاصة حكم المحدث: حسن صحيح ـ ((الصحيحة)) (1592).

বাংলা

২৮৮১. খাওলা বিনতু কাইস রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার আমাদের কাছে আসেন, তখন আমি তাঁর কাছে খাদ্য পেশ করি। তিনি সেখানে হাত রাখেন। অতঃপর তিনি সেটাকে গরম অনুভব করেন। তখন তিনি ‘ওয়াও’ বলেন। অতঃপর তিনি বলেন, “আদম সন্তানকে ঠান্ডা

পেয়ে বসলে, সে ‘ওয়াও’ বলে আবার গরম পেয়ে বসলেও ‘ওয়াও’ বলে। তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এবং হামযা বিন আব্দুল মুত্তালিব রাদ্বিয়াল্লাহু আনহু দুনিয়ার ব্যাপারে আলোচনা করেন। তিনি বলেন, “দুনিয়া সবুজ-শ্যামল, সুমিষ্ট। যে ব্যক্তি তা ন্যায় সঙ্গতভাবে গ্রহণ করবে, তাকে তাতে বারাকাহ দেওয়া হবে। অনেক ব্যক্তি আছে এমন, যারা আল্লাহ ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সম্পদ স্বেচ্ছাচারিতার সাথে আচরণ করে, কিয়ামতের দিন তার জন্য রয়েছে জাহান্নাম।”[1]

## ফুটনোট

[1] হুমাইদী: ৩৫৩; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৬৯৬২; মুসনাদ আহমাদ: ৬/৩৬৪; তিরমিযী: ২৩৭৪; তাবারানী: ৫৮৯; সহীহুল বুখারী: ৩১১৮; বাগাবী: ২৭৩০।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (সহীহাহ: ১৫৯২)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ খাওলা বিনতে কায়েস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92211

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন